



**ওপেন স্কুল**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
www.bou.edu.bd  
www.webtv.bou.org.bd  
www.webradio.bou.org.bd

# বাউবি-তে এসএসসি প্রোগ্রামে ২০১৭-২০১৮ সেশনে

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর ওপেন স্কুল পরিচালিত সেকেন্ডারি স্কুল সার্টিফিকেট (এসএসসি) প্রোগ্রাম ২০১৭-২০১৮ সেশনে ১ম বর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোনো আঞ্চলিক কেন্দ্র/ উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার থেকে ব্যাংক রসিদ সংগ্রহ করে বাউবি'র নির্ধারিত সোনালী ব্যাংক শাখায় (আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার হতে জানা যাবে) ১০০/- (একশত) টাকা জমা দিয়ে ০২-০১-২০১৭ তারিখের মধ্যে ভর্তি ফরম সংশ্লিষ্ট স্টাডি সেন্টার থেকে সংগ্রহ, জমা দেওয়া ও ভর্তি হওয়া যাবে। প্রয়োজনে ভর্তিচ্ছু প্রার্থীগণ ইন্টারনেট থেকে (<http://www.bou.edu.bd>) ভর্তিফরম ডাউনলোড করে কিংবা ভর্তিফরমের ফটোকপি ব্যবহার করতে পারবেন। একরূপ ব্যবস্থায় ফরম জমা দেয়ার সময় ১০০/-টাকার ব্যাংক রসিদ সংযুক্ত করতে হবে।

# ভর্তি বিজ্ঞপ্তি


- ভর্তির ন্যূনতম যোগ্যতা : জেএসসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ভর্তি ফরম সংগ্রহ, জমাদান এবং ভর্তি : ০২ জানুয়ারি, ২০১৭ তারিখ পর্যন্ত (বিলম্ব ফি ব্যতীত)।
- বিলম্ব ফি'সহ (একশত টাকা) ভর্তির সময়সীমা : ০৩ জানুয়ারি, ২০১৭ থেকে ১৭ জানুয়ারি, ২০১৭ তারিখ পর্যন্ত। উক্ত তারিখের পরে ভর্তি হলে তাকে পরবর্তী বর্ষ থেকে ক্লাস করতে হবে।
- বয়স : অষ্টম শ্রেণি/সমমান পাসের ক্ষেত্রে ০১-১২-১৯৯৭ তারিখ এর পরে প্রার্থীর জন্ম তারিখ হতে পারবে না। তবে জেএসসি/জেডিসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে উক্ত বয়সসীমা প্রযোজ্য হবে না।
- টিউটোরিয়াল ক্লাস : (২৪ মার্চ, ২০১৭ থেকে ০১ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত)
- ভর্তি প্রক্রিয়া: 'ব্যবসায় শিক্ষা' ও 'বিজ্ঞান' শাখায় বাউবি কর্তৃক অনুমোদিত কেন্দ্র বাতীত ভর্তি করা যাবে না। ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখায় ভর্তির জন্য অনুমোদিত স্টাডি সেন্টারের নামের তালিকা সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র হতে জানা যাবে। ভর্তিচ্ছু প্রার্থীকে ভর্তির সময় ব্যাংকে টাকা জমাদান রসিদের "প্রথম কপি" (শিক্ষার্থী মারফত বাউবির জন্য), আবেদনপত্র জমা দেয়ার প্রতিপত্র (Counterfoil), প্রথম শ্রেণির কর্মকর্তা/সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত ও কপি পাসপোর্ট আকারের ছবি ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের (জন্ম তারিখ উল্লেখসহ) সত্যায়িত কপি জমা দিতে হবে এবং মূল সনদপত্র সাথে আনতে হবে (মূল সনদপত্র যাচাইপূর্বক ফেরত দেওয়া হবে)।

ভর্তি ফি :	রেজিস্ট্রেশন ফি	=	১৫০/-
	কোর্স ফি (প্রতি কোর্স ৫০০ টাকা হাবে)	=	৩,৫০০/-
	একাডেমিক ক্যালেন্ডার ফি	=	৫০/-
	ডিজিটাল আইডি কার্ড	=	২০০/-
	ব্যবহারিক কোর্স প্রতি (প্রযোজ্য ক্ষেত্রে) অতিরিক্ত ১০০/- টাকা জমা দিতে হবে	=	৩,৯০০/- (ন্যূনতম)

ভর্তিচ্ছু প্রার্থীকে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে। কোনো অবস্থাতেই বর্ণিত অর্থের চেয়ে অতিরিক্ত অর্থ প্রদান করা যাবে না। যদি এমনটি ঘটে সেক্ষেত্রে ভর্তি বাতিলসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। ভর্তির সময় প্রার্থীকে সঠিক তথ্য দিতে হবে। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত নিয়মাবলী, সিলেবাস, পরীক্ষার নিয়ম ইত্যাদি বাউবি'র একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।

বিঃদ্র: বাউবি'র শিক্ষার্থীদের উচ্চশিক্ষার পথ সুগম করতে শিক্ষা বোর্ডসমূহের শিক্ষাবর্ষের সাথে সংগতি রেখে, শিক্ষার্থীদের সুবিধার্থে পুনঃনির্ধারিত ভর্তি সময়সূচি ও শিক্ষাবর্ষ (সেশন) সমন্বয় করা হয়েছে। উল্লেখ্য, পূর্ব প্রকাশিত ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তির মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের সেশন ২০১৭-২০১৮ হিসেবে গণ্য হবে এবং তাদের শিক্ষার্থী নম্বর (ID) ১৭ দিয়ে শুরু হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য বাউবি'র ওয়েব সাইট [www.bou.edu.bd](http://www.bou.edu.bd) ভিজিট করুন

  
(সাবিনা ইয়াসমিন)  
ডিন, ওপেন স্কুল, বাউবি